

প্রকাশ : ১৭ সেপ্টেম্বর, ২০১৬ ১৫:৫৪  
আপডেট : ১৭ সেপ্টেম্বর, ২০১৬ ১৬:৩৪

অনলাইন  
ভার্সন

Share

প্রিন্ট করুন 

# ঢাকার দুই মেয়রকে রিহ্যাবের অভিনন্দন

| অনলাইন ডেস্ক



রাজধানী থেকে কোরবানির বর্জ্য ৪৮ ঘণ্টার মধ্যে অপসারণ করায় ঢাকার দুই সিটি করপোরেশনের মেয়রকে অভিনন্দন জানিয়েছে রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)।

শনিবার ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক এবং দক্ষিণের মেয়র সাঈদ

খোকনকে অভিনন্দন জানিয়ে এক বার্তা পাঠায় আবাসন ব্যবসায়ীদের এই সংগঠন।

রিহ্যাব জানায়, পূর্ব ঘোষণা অনুযায়ী ঈদ-পরবর্তী ৪৮ ঘণ্টার আগেই কোরবানির বর্জ্য অপসারণ করায় রিহ্যাব প্রেসিডেন্ট আলমগীর শামসুল আলামিন ঢাকার দুই মেয়রকে অভিনন্দন জানান।

আগামীতে ক্লিন ঢাকা উপহার দিতে দুই মেয়র সচেষ্টি থাকবেন বলেও প্রত্যাশা ব্যক্ত করেন রিহ্যাব প্রেসিডেন্ট। একই সঙ্গে জনগণের সার্বিক সহায়তা এবং সিটি করপোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক প্রচেষ্টার প্রশংসাও করেন তিনি।

বিডি প্রতিদিন/ ১৭ সেপ্টেম্বর ২০১৬/ এনায়েত করিম